

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৪১৫.২০১৮-৪১

তারিখ: ০৪ মাঘ ১৪২৭
১৮ জানুয়ারি ২০২১

বিষয়: “সোনাগাজী ও মিরসরাই অর্থনৈতিক অঞ্চল সংযোগ সড়কে ফেনী নদীর উপর সেতু নির্মাণ” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি অনুমোদন সংক্রান্ত।

সূত্র: এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৯৪৯.১৪.০১.২০২০.২৬৫; তারিখ: ০৭/০১/২০২১।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “সোনাগাজী ও মিরসরাই অর্থনৈতিক অঞ্চল সংযোগ সড়কে ফেনী নদীর উপর সেতু নির্মাণ” শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৬৬২.৮৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং ফেব্রুয়ারি ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৭/০২/২০১৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ডিসেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পটি ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ০.২৫% এবং আর্থিক অগ্রগতি ১.০২ কোটি টাকা (০.১৫%)।

২। প্রকল্পটি অনুমোদনের পর কার্যক্রম আরম্ভের পর্যায়ে গত ০১/১০/২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে SDG বিষয়ক মুখ্য সমন্বয়কের সভাপতিত্বে BEZA এর নির্বাহী চেয়ারম্যান মহোদয় ব্রীজটি Down Stream এ নান্দনিকভাবে তৈরী করার অনুরোধ করেন। এ প্রেক্ষিতে LGED, BEZA এবং BUET এর সমন্বয়ে ফেনী নদীর Upstream & Downstream এ Site visit করে প্রয়োজনীয় সকল প্রকার সার্ভে এবং Study করে একটি প্রতিবেদন প্রণয়ন করা হয়। উক্ত প্রতিবেদনের ওপর গত ০৬/০১/২০২০ তারিখে এবং ০৪/০২/২০২০ তারিখে BEZA-তে ২টি উপস্থাপনা সভা অনুষ্ঠিত হয়। বর্ণিত ২টি সভায় ব্রীজটি Upstream/উজান অবস্থানে নির্মাণের সুপারিশ করা হয় (সংযুক্তি-১/২)।

৩। উক্ত সুপারিশের আলোকে BUET, Institute of Water and Flood Management (IWFM) কর্তৃক Hydrological and Morphological Study এবং Wave & Storm Surge Impact Analysis ও Bathmatic Survey সম্পন্ন করে Final Report পেশ করা হয়। Final Report অনুযায়ী মূল ডিপিপি-তে সংস্থানকৃত ব্রীজ নির্মাণ সংশ্লিষ্ট অঙ্গসমূহের পরিমাণ ও ব্যয়ের পরিবর্তন হওয়ায় প্রকল্পটির সংশোধন প্রয়োজন। এ বিষয়ে গত ২৩/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় প্রকল্পটি সংশোধনের সুপারিশ করা হয়েছে (সংযুক্তি-৩)।

৪। এমতাবস্থায়, মোট ৭০২.২৫ কোটি (সাতশত দুই কোটি পঁচিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় (৩৯.৩৭ কোটি টাকা বৃদ্ধি/ব্যয় বৃদ্ধির হার ৫.৯৪%) এবং ফেব্রুয়ারি ২০১৯ হতে জুন ২০২৪ পর্যন্ত মেয়াদে (০২ বছর মেয়াদ বৃদ্ধি) বাস্তবায়নের জন্য “সোনাগাজী ও মিরসরাই অর্থনৈতিক অঞ্চল সংযোগ সড়কে ফেনী নদীর উপর সেতু নির্মাণ” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: প্রকল্পের আরডিপিপি ১ (এক) কপি।



(মুহাম্মদ আমিন শরীফ)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৮০১২

planning1.lgd@gmail.com

সদস্য

কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ

পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পুনর্গঠিত আরডিপিপির একটি Soft copy প্রকল্প পরিচালক, “ডিজিটাল ডাটাবেজ সিস্টেম ও আর্কাইভ প্রতিষ্ঠার মাধ্যমে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্প, পরিকল্পনা বিভাগ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক (মইই উইং)/ যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।